দৈনিক ইত্তেফাক
166
DEC. 27 1999
পৃঃ 2 কঃ 6

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের বিক্ষোভ

গাজীপুর সংবাদদাতা ॥ আগামী ২৪শে জানুয়ারী অনুষ্ঠিতব্য অনার্স পার্ট-৩-এর ফাইনাল পরীক্ষা পিছাইবার দাবীতে এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন দুর্নীতি ও অনিয়মের বিরুদ্ধে গতকাল (রবিবার) দুপুরে বিভিন্ন বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্র-ছাত্রীরা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আসিয়া বিক্ষোভ প্রদর্শন করে। বিক্ষুব্ধ ছাত্র-ছাত্রীরা প্রো-ভিসির কার্যালয় ঘেরাও করিয়া রাখে। ছাত্র-ছাত্রীদের দাবীর প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আগামী মার্চ মাসে অনার্স পার্ট-৩ ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হইবে বলিয়া আশ্বাস দেন।

### স্মারকলিপি পেশ

ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি ও সাধারণ সম্পাদকের উপর পুলিশের নির্যাতন ও গ্রেফতারের প্রতিবাদে এবং অধুনালুপ্ত গাজীপুর জেলা বিএনপি'র সাধারণ সম্পাদক আবু তাহেরের উপর সন্ত্রাসীদের হামলা এবং বিচারের দাবীতে গতকাল জেলা ছাত্রদলের পক্ষ হইতে জেলা প্রশাসক কার্যালয় ঘেরাও ও স্মারকলিপি পেশ করা হয়।

### লাশ উদ্ধার

কাপাসিয়া থানা পুলিশ গতকাল বারিষাব ইউনিয়নের বেঘুনহাটি গ্রামের ব্রীজের নীচ হইতে অজ্ঞাত পরিচয় (২৫) এক যুবতীর লাশ উদ্ধার করিয়াছে। একটি বালু ভর্তি বস্তায় হাত-পা বাঁধা অবস্থায় লাশটি পাওয়া যায়। লাশটির ময়না তদন্ত সম্পন্ন হইয়াছে।